

03

তারিখ ... JAN. 03 2000 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

জা.নগর বিশ্ববিদ্যালয়
সম্মাসীদের
অভয়ারণ্য

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ৪ গত ২৯শে ডিসেম্বর রাতে সশস্ত্র হামলার পর মীর মোশাররফ হোসেন হলে অবস্থানকারী সম্মাসীরা ক্যাম্পাসে ঘুরে বেড়াচ্ছে। সম্মাসীরা বিভিন্ন প্রগতিশীল সংগঠনের নেতাকর্মী এবং সাংবাদিক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে হুমকি দিয়ে যাচ্ছে। কর্তৃপক্ষ ২৯শে ডিসেম্বর রাতে সংঘটিত ঘটনা তদন্তে মীর মোশাররফ হোসেন হলের ওয়ার্ডেন শামসুল আলম সেলিমকে প্রধান করে ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে। বিভিন্ন সংগঠন এসব সম্মাসী ঘটনার নিন্দা এবং সম্মাসীদের শক্তির দাবি জানিয়ে বিবৃতি দিয়েছে। উল্লেখ্য, গত ২৯শে ডিসেম্বর রাতে ছাত্র-লীগের ক্যাডার দাবিদার একদল সশস্ত্র সম্মাসী মীর মোশাররফ হোসেন হলে হামলা চালিয়ে বিজয় দিবস উপলক্ষে প্রকাশিত দেয়াল পত্রিকা ছিঁড়ে ফেলে; পত্রিকার সম্পাদক বাংলাদেশ ছাত্র ইউনিয়ন কর্মী বাংলা ১ম বর্ষের ছাত্র সঞ্জয় দে'কে বেদম প্রহার করে এবং তার ১০৬ নং রুম তছনছ করে রুমের জিনিসপত্র বাইরে ছুড়ে ফেলে দেয়। সম্মাসীরা গত ২৮শে ডিসেম্বর রাতেও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট কর্মী তানভীর হাসান রফিককে মারধর করে। এ সম্মাসী ঘটনার তথ্য সংগ্রহ করতে গেলে সম্মাসীদের হোতা সরকার ও রাজনীতি ২য় বর্ষের ছাত্র আবদুল হালিম 'সংবাদ' প্রতিনিধি রাশেদ মেহেদীকে কোন তথ্য সংগ্রহের চেষ্টা করা যাবে না বলে জানায় এবং চেষ্টা করলে প্রাণনাশ করা হবে বলে হুমকি দেয়। প্রাণনাশের হুমকির পরিপ্রেক্ষিতে সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক রাশেদ মেহেদী সাজার থানায় একটি জিডি করেছেন। জিডি নং ১৭৩৫। এদিকে গত ২৯শে ডিসেম্বর সম্মাসী হামলার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শক্তির দাবি জানিয়ে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, বাংলা সংসদ প্রভৃতি সংগঠন পৃথক পৃথক বিবৃতি দিয়েছে।